রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, আগষ্ট ৩০, ২০০১

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অর্থ মন্ত্রণালয়

অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

(শুল্ক)

## আদেশ

ঢাকা, ১৪ই ভাদ্র, ১৪০৮ বঙ্গাব্দ/২৯শে আগষ্ট, ২০০১ খ্রীষ্টাব্দ

এস, আর, ও নং ২৪৬-আইন/২০০১/১৯১৭/শুল্ক।—Customs Act, 1969 (IV of 1969) এর section 25Aতে প্রদত্ত ক্ষমতাবলে সরকার নিম্নরূপ আদেশ প্রণয়ন করিল, যথা ঃ—

১। **সংক্ষিপ্ত শিরোনাম।**—এই আদেশ প্রি-শিপমেন্ট ইন্সপেকশন অডিট এজেন্সী নিয়োগ আদেশ, ২০০১ নামে অভিহিত হইবে।

২। **সংজ্ঞা।**—বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কিছু না থাকিলে, এই আদেশে,—

(ক) "অসদাচরণ" অর্থ কোন অডিট এজেন্সী কর্তৃক—

(অ) অর্পিত দায়িত্ব যথাযথভাবে পালন না করা ;

(আ) সরকারী রাজস্ব হানিকর এমন কোন কাজ করা ;

(ই) প্রত্যয়নপত্র অডিটের ক্ষেত্রে মিথ্যা রিপোর্ট প্রদান করা ;

(ঈ) বোর্ডের চাহিদা মোতাবেক তথ্যাদি সরবরাহে ব্যর্থ হওয়া ; এবং

(উ) এই আদেশের সাথে সংগতিপূর্ণ নহে এমন কোন কাজ করা।



মূল্য ঃ টাকা ৩·০০

(খ) "অডিট এজেন্সী" অর্থ এই আদেশের অধীন নিয়োগকৃত কোন সংস্থা ;

(গ) "আইন" অর্থ Customs Act, 1969 (IV of 1969) ;

(ঘ) "কমিশনার" অর্থ আইন এর section 3 এর অধীন নিযুক্ত কোন "Commissioner of Custons" ;

(ঙ) "টেন্ডার কমিটি" অর্থ অনুচ্ছেদ ৩ এর উপ অনুচেছদ (২) এর অধীন সরকার কর্তৃক গঠিত টেন্ডার কমিটি ;

(চ) "পরিদর্শন সংস্থা" অর্থ আইন এর section 2 এর clause (qq) এ সংজ্ঞায়িত "Pre-shipment Inspection Agency" ;

(ছ) "পরিশিষ্ট" অর্থ এই আদেশের সহিত সংযোজিত কোন পরিশিষ্ট ;

(জ) "প্রত্যয়নপত্র" অর্থ প্রি-শিপমেন্ট ইন্সপেকশন আদেশ, ১৯৯৯ এর পরিশিষ্ট-৭ অনুযায়ী পরিদর্শন সংস্থা কর্তৃক প্রদত্ত Clean Report of Findings (CRF); এবং

(ঝ) "বোর্ড" অর্থ Natonal Board of Revenue Order, 1972 (P. O. No. 76 of 1972) এর অধীন গঠিত "National Board of Revenue"।

৩। **দরপত্র আহ্বান, ইত্যাদি।**—(১) অডিট এজেন্সী নিয়োগের জন্য সরকার একটি ইংরেজীসহ অন্যূন তিনটি জাতীয় দৈনিক সংবাদপত্রে বিজ্ঞপ্তির মাধ্যমে দরপত্র আহ্বান করিবে।

(২) উপ অনুচ্ছেদ (১) এর আহ্বানে প্রাপ্ত সকল দরপত্র গ্রহণ, বাছাই, পরীক্ষা-নিরীক্ষা, তুলনামূলক বিবরণী প্রস্তুত এবং সর্বনিম্ন দরের ক্রমানুসারে যোগ্য দরপত্রদাতাদের প্যানেল সরকারের নিকট পেশ করিবার জন্য সরকার পাঁচ সদস্যবিশিষ্ট একটি টেন্ডার কমিটি গঠন করিবে, যাহার মধ্যে অন্যূন দুইজন বেসরকারী সদস্য থাকিবেন।

(৩) দরপত্র দাতার প্রধান কার্যালয়কে দরপত্র দাখিল করিতে হইবে।

(৪) দরপত্র কারিগরি ও আর্থিক প্রস্তাব সম্বলিত হইতে হইবে এবং উক্ত প্রস্তাব দুইটি পৃথক পৃথক খামের মধ্যে ভরিয়া একত্রে একটি টিনের বা কাঠের বাক্সের মাধ্যমে দাখিল করিতে হইবে।

(৫) কারিগরি প্রস্তাবের সহিত দরপত্রদাতাকে নিম্নবর্ণিত দলিলপত্র দাখিল করিতে হইবে, যথা :—

(ক) বিশ্বের যে কোন ১টি দেশে পরিদর্শন সংস্থা কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্র বা উক্ত সংস্থার অন্য কোন কাজ অডিট করিবার অভিজ্ঞতার সনদপত্র, যাহা নোটারী পাবলিক কর্তৃক প্রত্যয়িত হইতে হইবে ;

(খ) International Federation of Inspection Agencies (IFIA) এর সদস্য পদের হালনাগাদ সনদপত্র, যদি থাকে ;

(গ) আর্টিকেল অব মেমোরেন্ডাম ;

(ঘ) আর্থিক বিবরণী সম্বলিত পূর্ববর্তী ৩ (তিন) বৎসরের বার্ষিক অডিট রিপোর্ট ;

(ঙ) প্রধান অফিসের কার্যাবলী, জনবল, প্রযুক্তিগত সুবিধা ইত্যাদি সম্বলিত সংক্ষিপ্ত বিবৃতি (সর্বোচ্চ পাঁচ পাতা) ; এবং

(চ) নিজ দেশের শুল্ক কর্তৃপক্ষ বা নোটারী পাবলিক কর্তৃক প্রত্যয়িত এমন একটি ঘোষণাপত্র যাহাতে পরিদর্শন সংস্থা কর্তৃক পরিদর্শিত ও প্রত্যয়িত পণ্যের বর্ণনা, গুণগতমান, শ্রেণীবিন্যাস ও মূল্য যাচাইয়ের ক্ষেত্রে পণ্য সম্পর্কিত উল্লিখিত তথ্য সম্বলিত নিজস্ব উপাত্ত ভিত্তি (data base) আছে মর্মে বিবৃতি থাকিবে ;

(ছ) বিশ্বের কোথাও কালো তালিকাভুক্ত নয় মর্মে ঘোষণাপত্র, যাহা নোটারী পাবলিক কর্তৃক প্রত্যয়িত হইতে হইবে ;

(জ) পরিশিষ্ট-১ অনুযায়ী একটি বিবরণ, যাহা নোটারী পাবলিক কর্তৃক প্রত্যয়িত হইতে হইবে ;

(ঝ) পরিশিষ্ট-২ অনুযায়ী উহার বাংলাদেশী এজেন্ট, যদি থাকে, এর সহিত সম্পাদিত চুক্তিপত্র ;

(ঞ) নিয়োগপ্রাপ্ত হইলে তদকর্তৃক সম্পাদিতব্য কাজ বাস্তবায়নের পরিকল্পনা, রূপরেখা বা পদ্ধতি সম্পর্কিত বিবরণ (সর্বোচ্চ ৫ পাতা) ;

(ট) বাংলাদেশে প্রতিষ্ঠিতব্য অফিস সম্পর্কে বিবরণ (অবস্থান, জনবল, প্রযুক্তিগত সুবিধা, ইত্যাদি সম্বলিত) ;

(ঠ) যে শহরে কমিশনারের দপ্তর অবস্থিত থাকিবে সেই শহরে, কমিশনার দপ্তরের সহিত লিয়াজো রক্ষার সুবিধার্থে, তদ্‌কর্তৃক একটি শাখা অফিস খোলা হইবে মর্মে অঙ্গিকারনামা ;

(ড) নিয়োগ লাভের সিদ্ধান্ত অবহিত হইবার ১৫ (পনের) কার্যদিবসের মধ্যে বাংলাদেশে স্বয়ংসম্পূর্ণ অফিস প্রতিষ্ঠাকরণ সম্পর্কে অঙ্গীকারনামা ;

(ঢ) পরিশিষ্ট-৩ অনুযায়ী অঙ্গীকারনামা ;

(ণ) নিয়োগপ্রাপ্ত হইলে, নিয়োগকালীন সময়ের মধ্যে পরিশিষ্ট-৪ অনুযায়ী কর্মকর্তাদেরকে নিজ খরচে দেশে ও বিদেশে প্রশিক্ষণ প্রদান করা সম্পর্কে অঙ্গীকারনামা ;

(ত) আমদানিকৃত পণ্যের মূল্য নির্ধারণের ক্ষেত্রে GATT Valuation Agreement অনুসরণ করা সম্পর্কে অঙ্গীকারনামা ;

(থ) পরিশিষ্ট-৫ অনুযায়ী অঙ্গীকারনামা ; এবং

(দ) দরপত্রদাতার পক্ষে পঁচিশ লক্ষ টাকা আর্নেষ্টমানি বাংলাদেশের কোন তফসিলী ব্যাংক কর্তৃক পরিশোধ করার গ্যারান্টি, যাহা দরপত্র গ্রহণের শেষ তারিখ হইতে ৯০ দিন পর্যন্ত কার্যকর থাকিবে ।

(৬) দরপত্র দাতাকে অনুচ্ছেদ ৫ এর উপ-অনুচ্ছেদ (১) এ নির্দিষ্টকৃত প্রত্যয়নপত্রে (CRF) বর্ণিত তথ্যাবলী অডিটের জন্য কেইস প্রতি (per case) মার্কিন ডলারে দর উদ্ধৃতি করিয়া, বাংলাদেশে প্রদেয় করাদির উপাদানসহ, আর্থিক প্রস্তাব দাখিল করিতে হইবে।

৪। দরপত্র বাছাই, অডিট এজেন্সী নিয়োগ, ইত্যাদি।—(১) টেন্ডার কমিটি দরপত্র বাছাই এবং পরীক্ষা-নিরীক্ষার নিমিত্ত কারিগরি প্রস্তাবসম্বলিত খামটি প্রথমে খুলিবে এবং উক্ত প্রস্তাব সন্তোষজনক প্রতীয়মান হইলেই আর্থিক প্রস্তাবসম্বলিত খামটি খুলিবে, অন্যথায় আর্থিক প্রস্তাবের খামটি না খুলিয়া উহা দরপত্রদাতার নিকট ফেরত প্রদান করিবে।

(২) টেন্ডার কমিটি আর্থিক প্রস্তাব নিরীক্ষান্তে, সর্বনিম্ন দরের ক্রমানুযায়ী, যোগ্য দরপত্র দাতাদের একটি প্যানেল সরকারের নিকট সুপারিশ আকারে পেশ করিবে ঃ

তবে শর্ত থাকে যে যোগ্য দরদাতাদের সর্বনিম্ন দর সমান হইলে, টেন্ডার কমিটি কর্তৃক নির্ধারিত পদ্ধতিতে,লটারীর মাধ্যমে সর্বনিম্ন দরদাতা নির্ধারণ করা হইবে।

(৩) উপ-অনুচ্ছেদ (২) এর অধীন টেন্ডার কমিটি কর্তৃক সুপারিশকৃত যোগ্য দরপত্রদাতাদের প্যানেল হইতে সর্বনিম্ন দরদাতাকে সরকার, অনধিক সাত কর্মদিবসের মধ্যে, অডিট এজেন্সী হিসাবে নিয়োগ প্রদানের সিদ্ধান্ত অবহিত করিবে।

(৪) উপ-অনুচ্ছেদ (৩) এর বিধান অনুযায়ী দরপত্রদাতা সরকারের সিদ্ধান্ত অবহিত হইবার অনধিক সাত কর্মদিবসের মধ্যে, পরিশিষ্ট-৬ অনুযায়ী, পঁচিশ লক্ষ টাকার একটি Performance Bond বা একই মূল্যের জামানত সঞ্চয়পত্র দাখিল করিবে, যাহার মেয়াদ চুক্তি শেষ হইবার পরবর্তী অন্যূন ছয় মাস পর্যন্ত বলবৎ থাকিবে।

(৫) Performance Bond বা ক্ষেত্রমত, জামানত সঞ্চয়পত্র দাখিলের অনধিক সাত কর্মদিবসের মধ্যে সরকার দরপত্রদাতাকে, চুক্তি সম্পাদনের মাধ্যমে, অডিট এজেন্সী হিসাবে নিয়োগ প্রদান করিবে, যাহার মেয়াদ সর্বোচ্চ ৩ (তিন) বৎসর হইতে পারে।

(৬) অডিট এজেন্সীর কার্যকালের মেয়াদ উত্তীর্ণ হইবার অন্যূন একশত আশি দিন পূর্বে দরপত্র আহবানপূর্বক সরকার পরবর্তী মেয়াদের জন্য অডিট এজেন্সী নিয়োগ করিতে পারিবে।

(৭) সরকার, কোন কারণ না দর্শাইয়া, যে কোন সময়ে দরপত্র বাতিল করিতে পারিবে।

৫। অডিট এজেন্সীর দায়িত্ব ও কার্যাবলী।—(১) অডিট এজেন্সী, পরিদর্শন সংস্থা কর্তৃক বাংলাদেশের শুল্ক ভবন বা ষ্টেশনে প্রতিমাসে দাখিলকৃত মোট প্রত্যয়নপত্রের (CRF), ২০ শতাংশ প্রত্যয়নপত্রে (CRF) বর্ণিত পণ্যের—

(ক) বর্ণনা ;

(খ) গুণগতমান ;

(গ) শুল্ক শ্রেণীবিন্যাস ;

(ঘ) পরিমাণ ; এবং

(ঙ) মূল্য।

দেশীয় বা আন্তর্জাতিক উৎস ব্যবহার করিয়া অডিট করিবে।

(২) অডিট এজেন্সী পরিশিষ্ট-৭ অনুযায়ী মাসিকভিত্তিতে বোর্ডের নিকট প্রতিবেদন দাখিল করিবে।

৬। **অডিটের জন্য প্রত্যয়নপত্র বাছাই পদ্ধতি।**—কমিশনার বা তৎকর্তৃক ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা, বোর্ড কর্তৃক আদেশ দ্বারা নির্ধারিত পদ্ধতিতে, অডিটের জন্য প্রত্যয়নপত্র (CRF) বাছাই এবং নিয়োগকৃত অডিট এজেন্সীকে সরবরাহ করিবে।

৭। **বিরোধ নিস্পত্তি।**—(১) এই আদেশের অধীন কোন বিষয়ে বোর্ড ও অডিট এজেন্সীর মধ্যে বিরোধ বা সংঘাত দেখা দিলে উভয়পক্ষ উহা আলাপ-আলোচনার মাধ্যমে নিস্পত্তির চেষ্টা করিবে।

(২) উপ-অনুচ্ছেদ (১) অনুসারে নিস্পত্তির চেষ্টা ব্যর্থ হইলে বিষয়টি সালিশ আইন, ২০০১ (২০০১ সনের ১নং আইন) অনুসারে নিস্পত্তি করা হইবে।

৮। **অপরাধ ও শাস্তি।**—(১) বোর্ডের নিকট যদি এই মর্মে প্রতীয়মান হয় যে, অডিট এজেন্সী—

(ক) অসদাচরণ করিয়াছে ;

(খ) পরিদর্শন সংস্থা, আমদানিকারক কিংবা অন্য কাহারও সহিত যোগসাজসে অডিটকৃত কোন চালানের শুল্ক ও করাদি ফাঁকি দিতে সহায়তা করিয়াছে ;

(গ) দরপত্র দাখিলের সময় মিথ্যা ও বিভ্রান্তিমূলক তথ্য প্রদান করিয়াছে ;

(ঘ) সরকারের, পূর্বানুমতি ব্যতিত, চুক্তির দায়-দায়িত্ব অন্য কোন সংস্থার নিকট আংশিক বা সম্পূর্ণরূপে হস্তান্তর করিয়াছে ; এবং

(ঙ) নিয়োগ প্রাপ্তির পর কার্যক্রম গ্রহণে অনীহা প্রকাশ বা আংশিকভাবে গৃহীত কার্যক্রম বন্ধ করিয়াছে ;

(চ) অনুচ্ছেদ ৪ এর উপ-অনুচ্ছেদ (৫) এর বিধান অনুসারে সম্পাদিত চুক্তির কোন শর্ত ভংগ বা লংঘন করিয়াছে—

তাহা হইলে উক্ত এজেন্সী এই আদেশের অধীন অপরাধ করিয়াছে বলিয়া গণ্য হইবে।

(২) উপ-অনুচ্ছেদ (১) এ বর্ণিত অপরাধের জন্য সরকার, অডিট এজেন্সীকে ব্যক্তিগত শুনানীর সুযোগ প্রদানপূর্বক, বোর্ডের সহিত পরামর্শক্রমে, উক্ত অনুচ্ছেদের—

(অ) দফা (ক) এ উল্লিখিত অপরাধের জন্য সর্বোচ্চ পঞ্চাশ হাজার টাকা অর্থদন্ডে দন্ডিত ;

(আ) দফা (খ) এ উল্লিখিত অপরাধের জন্য আমদানি চালানের সহিত জড়িত শুল্ক-করের সর্বোচ্চ দ্বিগুন অর্থদন্ডে দন্ডিত ; এবং

(ই) দফা (গ), (ঘ), (ঙ) এবং (চ) তে উল্লিখিত অপরাধের জন্য উহার নিয়োগ বাতিল করিতে পারিবে।

(৩) উপ-অনুচ্ছেদ (২) এর আওতায় প্রদত্ত আদেশে সংক্ষুব্ধ হইলে অডিট এজেন্সী উক্তরূপ আদেশ প্রদানের অনধিক ৩০ (ত্রিশ) কর্মদিবসের মধ্যে সরকারের নিকট সিদ্ধান্ত পুনঃবিবেচনার জন্য আবেদন করিতে পারিবে।

(৪) উপ-অনুচ্ছেদ (৩) মোতাবেক কোন আবেদন পাওয়ার অনধিক ৩০ (ত্রিশ) কর্মদিবসের মধ্যে সরকার উহার উপর সিদ্ধান্ত প্রদান করিবে এবং সরকারের সিদ্ধান্ত চূড়ান্ত হইবে।

৯। **অডিট এজেন্সীর নিয়োগ স্থগিত বা বাতিল।**—(১) অনুচ্ছেদ ৮ এর উপ-অনুচ্ছেদ (২) এ যাহা কিছুই থাকুক না কেন বোর্ড প্রতি বৎসর এক বা একাধিকবার অডিট এজেন্সীর কার্যক্রম পর্যালোচনা, পুনরীক্ষণ, ইত্যাদি করিতে পারিবে এবং প্রাপ্ত তথ্যের ভিত্তিতে যথাযথ শুনানির সুযোগ প্রদানপূর্বক, প্রয়োজনে, সরকারের নিকট তাহার নিয়োগ স্থগিত বা বাতিলের জন্য সুপারিশ করিতে পারিবে।

(২) উপ-অনুচ্ছেদ (১) এর অধীন প্রাপ্ত সুপারিশ ও তথ্যাদি বিবেচনাক্রমে সরকার ব্যক্তিগত শুনানীর সুযোগ প্রদানপূর্বক অডিট এজেন্সীর নিয়োগ নির্দিষ্ট মেয়াদের জন্য স্থগিত বা বাতিল করিতে পারিবে।

(৩) উপ-অনুচ্ছেদ (২) এর বিধান অনুসারে নিয়োগপ্রাপ্ত অডিট এজেন্সীর নিয়োগ স্থগিত বা বাতিল করা হইলে সরকার, প্রয়োজন মনে করিলে, প্যানেল হইতে পরবর্তী সর্বনিম্ন দরদাতাকে স্থগিতকালীন বা চুক্তির অবশিষ্ট মেয়াদের জন্য নিয়োগ করিতে পারিবে।

১০। **অডিট এজেন্সীর বিল পরিশোধের পদ্ধতি, ইত্যাদি।**—(১) অডিট এজেন্সী অনুচ্ছেদ ৫ এর উপ-অনুচ্ছেদ (১) এর অধীন সম্পাদিত কাজের প্রমাণপত্রসহ যাবতীয় তথ্যাদি মাসিক ভিত্তিতে সংশ্লিষ্ট কমিশনারের নিকট বাংলাদেশী মুদ্রায় বিল দাখিল করিবে, তবে এইক্ষেত্রে বৈদেশিক মুদ্রা রূপান্তরের ভিত্তি হইবে বিল পরিশোধের পূর্ববর্তী মাসে চট্টগ্রাম শুল্ক ভবন কর্তৃক জারীকৃত মাসিক গড় [Exchange rate]।

(২) অডিট এজেন্সী হইতে বিল প্রাপ্তির অনধিক ২১ (একুশ) টি কার্যদিবসের মধ্যে পরীক্ষা-নিরীক্ষার পর বিলে অন্তর্ভুক্ত ফিসের কোন অংশ সম্পর্কে আপত্তি থাকিলে সেই অংশ ব্যতীত, বাকী বিল সংশ্লিষ্ট কমিশনার আবশ্যিকভাবে পরিশোধের ব্যবস্থা নিবেন।

(৩) বিলের অর্থ বাংলাদেশী মুদ্রায় পরিশোধ করা হইবে এবং প্রাপ্ত অর্থের অনধিক ৬০% রূপান্তরের দিনে বাজারে প্রচলিত Exchange rate এর ভিত্তিতে বৈদেশিক মুদ্রায় রূপান্তর করা যাইবে।

১১। **প্রশাসনিক আদেশ।**—এই আদেশের উদ্দেশ্য পূরণকল্পে কোন বিধান করা প্রয়োজন রহিয়াছে অথচ অনুরূপ বিধান করা হয় নাই এইরূপ ক্ষেত্রে বোর্ড এই আদেশের কোন বিধানের পরিপন্থি না হয় এইরূপ প্রশাসনিক আদেশ দ্বারা প্রয়োজনীয় বিধান করিতে পারিবে এবং এইরূপ বিধান এই আদেশের অধীন প্রণীত বিধান বলিয়া গণ্য হইবে।

১২। **রহিতকরণ ও হেফাজত।**—(১) এই আদেশ কার্যকর হইবার সংগে সংগে—

(ক) এস, আর, ও, নং-৩১৬/আইন/৯৯/১৮০৭/শুল্ক, তারিখ ১৯শে অক্টোবর, ১৯৯৯ইং এর দ্বারা জারীকৃত প্রি-শিপমেন্ট ইন্সপেকশন আদেশ, ১৯৯৯ এ অডিট এজেন্সী সম্পর্কিত যাবতীয় বিধান ; এবং

(খ) এস, আর, ও, নং-২২৪-আইন/২০০০/১৮৫৪/শুল্ক, তারিখ ১৬ই জুলাই, ২০০০ইং দ্বারা জারীকৃত প্রি-শিপমেন্ট ইন্সপেকশন অডিট এজেন্সী আদেশ, ২০০০ ;

এতদ্দ্বারা রহিত করা হইল।

(২) উপ-অনুচ্ছেদ (১) এর দফা (খ) এ উল্লিখিত আদেশের অধীন অডিট এজেন্সী নিয়োগ সম্পর্কে কৃত যাবতীয় কাজকর্ম বা গৃহীত যাবতীয় ব্যবস্থা, এই আদেশের কোন বিধানের সহিত সাংঘর্ষিক না হওয়া সাপেক্ষে, এই আদেশের অধীন কৃত বা গৃহীত হইয়াছে বলিয়া গণ্য হইবে।

পরিশিষ্ট-১

**Annex-1**

[ অনুচ্ছেদ ৩ (৫) (জ) দ্রষ্টব্য ]

## Statement of Offices Worldwide

| Sl. No. | Location (Rd., City, Country) | Status (Branch/Agency) | Functions (in brief) | Manpower | Logistics |
|---|---|---|---|---|---|
| 1 | 2 | 3 | 4 | 5 | 6 |
| 1. | | | | | |
| 2. | | | | | |

2. We,............................................................................., do hereby confirm that the information regarding our offices furnished above are correct.

**For M/S....................................**

পরিশিষ্ট-২

**Annex-2**

[ অনুচ্ছেদ ৩ (৫) (ঝ) দ্রষ্টব্য ]

**AGREEMENT BETWEEN M/S..............................................................................**

**..........................................................AND ITS LOCAL OFFICE OR AGENT**

In consideration of conducting Pre-shipment Inspection Audit in Bangladesh by the parties to this Agreement, this Agreement is made on the [Date and Year] between [Name and Address of the Principal] hereinafter referred to as 'The First Party', and (Name and Address of the Agent), Bangladesh, hereinafter referred to as 'The Second Party.'

It is hereby agreed by both parties :—

1 That the First Party shall undertake full responsibilities as well as liabilities for manners, conduct, duties, and responsibilities of the Second Party.

2 That the Second Party, will conduct its Pre-shipment Inspection Audit as a local representative of the First Party, in Bangladesh.

3 That both parties, while conducting Pre-shipment Inspection Audit in Bangladesh, shall abide by the terms and conditions, law, rules, order, notification and regulations as laid down by the Government of the People's Republic of Bangladesh and the National Board of Revenue (NBR).

4 That both parties agree that any violation or negligence on the above clauses shall be regarded as gross misconduct and shall be treated as breach of conduct.

5 That on such violation of terms and conditions as laid down above and any genuine claim on such matters is received by either party for violation or negligence, shall be duly compensated by the party responsible for such misconduct or violation or negligence of duty.

**For M/S................................** **For Local Agent......................................**

**Witnesses :** **Witnesses :**

1. 1.

2. 2.

পরিশিষ্ট-৩

**Annex-3**

[ অনুচ্ছেদ ৩ (৫) (চ) দ্রষ্টব্য ]

No. .......................... Date : ..........................

## UNDERTAKING

To

The Secretary, Internal Resources Division,
Government of the People's Republic of Bangladesh.

We, ........................................................................, do hereby undertake to abide by the provisions of the Customs Act, 1969 and the Pre-shipment Inspection Audit Agency Appointment Order, 2001 in conducting post clearance audit of CRF(s) issued by the Pre-shipment Inspection Agency(es) employed by the Government of Bangladesh.

**For M/S....................................**

পরিশিষ্ট-৪
**Annex-4**

[ অনুচ্ছেদ ৩ (৫) (গ) দ্রষ্টব্য ]

## (Training Programme/Study Tour)

| Sl. No. | Name of the course | Place | No. of participants. | Duration |
|---|---|---|---|---|
| 1. | Training on Pre-shipment Inspection Audit System. | Local | 15 | 10 days |
| 2. | Training on Risk Management. | Local | 15 | 10 days |
| 3. | Commercial Forgery and Fraud Prevention. | Local | 15 | 10 days |
| 4. | Study tour on Pre-shipment Inspection Audit System. | Foreign | 05 | 07 days |
| 5. | Study tour on Risk Management. | Foreign | 05 | 07 days |
| 6. | Study tour on Commercial Forgery and Fraud Prevention. | Foreign | 05 | 07 days |

2. We, ..............................................................., do hereby confirm that we shall arrange training programme/study tour within the contract period and provide adequate training facilities for such Officers to be selected by National Board of Revenue on the above course and for such period as specified above.

**For M/S....................................**

---

পরিশিষ্ট-৫
**Annex-5**

[ অনুচ্ছেদ ৩ (৫) (ঘ) দ্রষ্টব্য ]

No. .......................... Date : ......................

## UNDERTAKING

To

The Secretary Internal Resources Division,
Government of the People's Republic of Bangladesh.

We, ..............................................., the Head Office of the Audit Agency, do hereby undertake all obligations and full responsibilities of our Bangladesh Office(es).

**For M/S....................................**

পরিশিষ্ট-৬

**Annex-6**

[ অনুচ্ছেদ ৪ (৪) দ্রষ্টব্য ]

To

The Secretary, Internal Resources Division,

Government of the People's Republic of Bangladesh.

# PERFORMANCE BOND

Ref. : **Bank Guarantee No.............................................dated.........................**
**for Tk...............................................(Taka.......................................only).**

1. We, (Name of the Bank and Address) hereby bind ourselves to stand as Guarantor on behelf of (Name and Address) of the Pre-shipment Inspection Audit Agency and their local agent (Name and Address of the Agent), to the Government of Bangladesh through the National Board of Revenue for the amount of Taka.............................(Taka...............................................only) as bond to cover any liability arising out of Conducting Pre-shipment Inspection Audit by M/S. (Name of the Pre-shipment Inspection Audit Agency). This Guarantee shall be binding on us for the time period stipulated in paragraph 4(4) of the Pre-shipment Audit Agency Appointment Order, 2001 from the date of appointment of M/S. (Name of the Pre-shipment Inspection Audit Agency).

2. We agree and undertake to make unconditional payment upto Taka......................(Taka......................................only) being the amount of security to the Government of Bangladesh on demand without any question and without reference to M/S. (Name of the Pre-shipment Inspection Audit Agency) or their local agent.

3. We.................................., do hereby confirm that we have furnished this performance bond as per the formal provided by the Government in the Pre-shipment Audit Agency Appointment Order, 2001.

for Name of the Scheduled Bank
of Bangladesh.

Dated :............................, Authorised Signature Authorised Signature

পরিশিষ্ট-৭

**Annex-7**

[ অনুচ্ছেদ ৫ (২) দ্রষ্টব্য ]

## Monthly Statement

**Name & Address..................................**

**Name of the Month............................**

| No. and date of CRF Audited. | Name of the PSI Agency. | What type of initiative has been taken to audit the CRF. | Fingdings of the Audit performed. | Comments of the Audit Agency on audited CRF. |
|---|---|---|---|---|
| 1 | 2 | 3 | 4 | 5 |
| | | | | |

**Seal and Signature of the authorised person.**

রাষ্ট্রপতির আদেশক্রমে

ডঃ শোয়েব আহমদ
ভারপ্রাপ্ত সচিব ।

আবদুর রহমান (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আমিন জুবেরী আলম, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনী অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।